

কলাস্নাতক অন্ত্য-সেমেষ্টার পরীক্ষা, ২০২৫

(তৃতীয় বর্ষ, প্রথম সেমেষ্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : ইউ জি - ৫.৩২(কোর)

বিষয় : রবীন্দ্র সাহিত্য, পর্ব-২

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১। 'আমি এলেম, ভাঙল তোমার ঘুম', ঈশ্বরের উদ্দেশ্যে কবি রবীন্দ্রনাথের এই উচ্চারণ কোন তাৎপর্যে ব্যবহৃত হয়, প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে বুঝিয়ে লেখো। ১০

(অথবা)

২। 'বাঁশি' কবিতায় 'কিনু গোয়ালার গলি'টির এক বীভৎস বর্ণনা আছে। ওই বর্ণনা কি কবিতাটির সামগ্রিক তাৎপর্যের পক্ষে অনিবার্য ছিল বলে তুমি মনে কর? যুক্তিসহ তোমার মতামত লেখো। ১০

৩। 'লিপিকা'-র বেশকিছু রচনার মধ্যে আমরা রূপকথার আদল খুঁজে পাই। রূপকথার ওই আড়াল ও আবরণকে ব্যবহার করে রবীন্দ্রনাথ ঠাকুর সংশ্লিষ্ট রচনাগুলিতে কীভাবে সমকালীন সংকটকে তুলে ধরেছেন আলোচনা করো। ১০

BNG-1150

[Turn Over]

(২)

(অথবা)

৪। 'লিপিকা'-র 'তোতাকাহিনী' রচনাটির মধ্যে দিয়ে রবীন্দ্রনাথ কীভাবে ঔপনিবেশিক শিক্ষার বিরোধিতা করেছেন যুক্তিসহ লেখো। ১০

৫। 'সে' গল্পগ্রন্থের অভিনবত্ব কোথায় দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০

(অথবা)

৬। 'সে' গল্পগ্রন্থের মধ্যে বেশকিছু মুক পশু কার্যত চরিত্র হয়ে উঠেছে। এই প্রেক্ষিতে ভারতীয় আখ্যানের দেশজ ধারার উত্তরাধিকার রবীন্দ্রনাথকে কীভাবে 'সে' গল্পগ্রন্থ রচনায় প্রভাবিত করেছিল আলোচনা করো। ১০

৭। 'পঞ্চভূত'-এর 'পরিচয়' যে সভার উপক্রমণিকা সেই সভার সদস্যদের একটি পরিচিতি পেশ করো। ১০

(অথবা)

৮। নরনারী বিষয়ে সভ্যগণের মতামত একদিকে, সভাপতির মত অন্যদিকে। তুমি যদি এই সভার সদস্য হতে, কোন পক্ষ নিতে, আলোচনা করো। ১০

৯। 'চণ্ডালিকা' নাটকের পটভূমি বিষয়ে আলোচনা করো। এটি কি অস্পৃশ্যতা বিরোধী নাটক? বুঝিয়ে দাও। ৬+৪

(অথবা)

১০। 'চণ্ডালিকা' নাটকে প্রান্তিক মানুষের ভূমিকা বিষয়ে আলোচনা করো। ১০

★ ★ ★

BNG-1150

XX24(113)—75